তারিখ .... 04 MAY 2016
পৃষ্ঠা ৭৬ ... কলাম .... ৫ ......

যুগান্তর

# গাজীপুরে কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউটের শিক্ষার্থীদের মানববন্ধন

গাজীপুর প্রতিনিধি

চার দফা দাবিতে গাজীপুরে কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউটের (এটিআই) শিক্ষার্থীরা মানববন্ধন করেছে। মঙ্গলবার সকাল ১১টার দিকে গাজীপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে ভাওয়াল রাজবাড়ী সড়কে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

মানববন্ধনে শিক্ষার্থীরা পাবলিক বিশ্ববিদ্যালয়ে অ্যাডমিনের সুযোগ, জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ, সব এটিআইতে শিক্ষাবৃত্তি প্রদান ও কৃষি ডিপ্লোমাধারীদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদার অন্তর্ভুক্ত করার দাবি জানান। মানববন্ধনে এটিআইর কয়েকশ শিক্ষার্থী অংশ নেয়। পরে শিক্ষার্থীরা গাজীপুর জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন।